

**U.G. 3rd Semester Examination - 2021****BENGALI****Course Code : BBNGCCHT301****Course Title : মধ্যযুগের কবিতা ও কাব্য**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$ 

- ক) 'ধৈর্য না ধরে মম জীবনে' — বক্তা কে?
- খ) পূর্বরাগ কাকে বলে?
- গ) 'কুলিশ শত শত পাত মোদিত' — 'কুলিশ' শব্দের অর্থ লেখো।
- ঘ) শাক্তপদাবলী কোন্ সময়ের সাহিত্য?
- ঙ) 'তাতল সৈকত বারি বিন্দুসম' শীর্ষক পদটি বৈষ্ণবীয় কোন্ রসের অন্তর্ভুক্ত?
- চ) 'মৃত্যুঞ্জয়' কে?
- ছ) 'কুপুত্র অনেক হয় মা কুমাতা নয় কখন তো।' — বক্তা কে?
- জ) চৈতন্য ভাগবতের আদিখণ্ডে মোট কটি অধ্যায় আছে?

- ঝ) 'শ্রীচৈতন্য অবতার পুরুষ।' — এই ঘোষণা প্রথম কে করেছিলেন?
- ঞ) 'দত্তাশ্রয় ভাব প্রভু হইলা তখনে' — 'দত্তাশ্রয় ভাব' কী?
- ট) চৈতন্য ভাগবতের কোন্ অধ্যায়ে চৈতন্যের গয়াগমনের বৃত্তান্ত রয়েছে?
- ঠ) বারমাস্যা কাকে বলে?
- ড) মুকুন্দ চক্রবর্তী কার রাজত্বকালে 'চণ্ডীমঙ্গল কাব্য রচনা করেন?
- ঢ) 'আনিল তোমার স্বামী বান্ধি নিজ গুনে' — কে, কাকে বেঁধে এনেছিল?
- ণ) নীলাশ্বর কে?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$ 

- ক) বৈষ্ণব রসশাস্ত্র অনুযায়ী রস কয়টি ও কী কী?
- খ) গৌরচন্দ্রিকা কাকে বলে বুঝিয়ে দাও।
- গ) শাক্তপদাবলীর প্রধান ধারা কয়টি ও কী কী?
- ঘ) 'মা আমায় ঘুরাবি কত' পদটির ভণিতাটি লেখো।
- ঙ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যটি কার সম্পাদনায়, কখন প্রথম মুদ্রিত আকারে প্রকাশিত হয়?
- চ) কালকেতু ও ফুল্লরার পূর্ব জন্মের নাম লেখো।
- ছ) বৃন্দাবন দাস কাকে গুরু বলে উল্লেখ করেছেন তা ভণিতাসহ লেখো।

জ) “নামমাত্র ভেদ কহে হিন্দুয়ে যবনে।  
পরমার্থ এক কহে কোরানে পুরাণে।।” —কথাটি কে, কাকে  
কোন্ প্রসঙ্গে বলেছেন?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

ক) ‘এ সখি হামারি দুখের নাহি ওর’— পদটি কোন্ রস পর্যায়ের  
অন্তর্গত তা বুঝিয়ে দাও।

খ) ‘বিজয়া’ পর্যায়ের পাঠ্য দুটি পদের মধ্যে কবিধর্মে কোন্টি  
তোমার মতে উৎকৃষ্ট এবং কেন তা আলোচনা করো।

গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের ‘আত্মপরিচয়’ অংশের  
গুরুত্ব আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$

ক) অভিসার কাকে বলে? পাঠ্য অভিসার পর্যায়ের পদে কবি  
কৃতিত্বের পরিচয় দাও।

খ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের আখণ্ডিক খণ্ডের হাস্যরস সৃষ্টিতে কবির  
কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

গ) ‘চৈতন্য ভাগবত’ অনুসরণে চৈতন্যের বাল্য-কৈশোর লীলা  
বর্ণনায় কবি বৃন্দাবন দাসের কৃতিত্ব বিচার করো।